



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ৩০ এপ্রিল, ২০১৯

সময়: সকাল ১০.০০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫০১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিগত ২৯/০৪/২০১৯ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত উদ্ভাবন শোকেসিং বিষয়ক প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত |
|-------|--|---|
| ০১. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী অগ্রগতি বিষয়ক আলোচনা। | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্ধারিত ই-মেইলের মাধ্যমে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২. | কর্মকর্তাদের জন্য উদ্ভাবনী বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে মে, ২০১৯-এর মধ্যে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হয়েছে। ৫ দিনের প্রশিক্ষণ গ্রহণের জন্য ২ জন কর্মকর্তার নাম প্রদানের সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩. | বিদেশে শিক্ষাসফর বিষয়ক আলোচনা। | বিদেশে শিক্ষাসফরের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে ০৫ মে, ২০১৯ তারিখের মধ্যে অগ্রহী কর্মকর্তাদের নাম আহ্বান করা হয়েছে মর্মে আলোচনা করা হয়। পিকেএসএফ হতে একজন উপ-ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে মোট চার জন কর্মকর্তার উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২৩-২৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ভিয়েতনাম ও থাইল্যান্ডে সফর সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। একই সাথে নতুন করে বিদেশে শিক্ষাসফরের বিষয়ে সংশ্লিষ্ট খাতে ফান্ড নেই বলে নতুন করে নাম প্রেরণ করা সম্ভব হবেনা বলে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪. | উদ্ভাবন শোকেসিং বিষয়ক আলোচনা। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবন শোকেসিং বিষয়ক প্রস্তুতিমূলক সভায় পিকেএসএফ হতে "স্মার্ট ফান্ড ট্রান্সফার"-এর বিষয়টি প্রস্তুতিমূলক প্রদর্শন করা হয়েছে বলে জানান হয়। উক্ত সভায় ১৫ মে, ২০১৯ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক উদ্ভাবন শোকেসিং এর মূল অনুষ্ঠানের সম্ভাবনার বিষয়ে জানান হয়েছে বলে সভায় অবহিত করা হলে ০৭ মে, ২০১৯ তারিখের মধ্যে শোকেসিং এর জন্য প্রয়োজনীয় সকল প্রস্তুতি সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. একে.এম নুরুজ্জামান)

মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার